39

আজকের কাগজ

তারিখ 27 JUL 1995
পৃষ্ঠা ৬ কলাম 2

# নিকলীর ১৬টি প্রাথমিক বিদ্যালয় হুমকির সম্মুখীন

বন্যার পানি ও প্রবল ঢেউয়ে কিশোরগঞ্জের নিকলী থানার ১৬টি সরকারি ও বেসরকারি প্রাথমিক বিদ্যালয় হুমকির সম্মুখীন। তন্মধ্যে দক্ষিণ ছাতিরচর, গুরুই পূর্বপাড়া, সিঙ্গারপাড় ও চাটারকান্দি বিদ্যালয়ে বন্যার পানি উঠে গেছে। টেংগুরিয়া, বরকান্দা, খিওরাইল, নানশ্রী ও পাড়া বাজিতপুর বিদ্যালয়গুলো বন্যার পানিতে জলবন্দী অবস্থায় রয়েছে। প্রচণ্ড ঢেউয়ের আঘাতে ডুবি বিদ্যালয় ভবনের মেঝের ডান পাশ ধসে গেছে, গোড়াদীঘার প্রতিরক্ষা দেয়াল ভেঙে বারান্দা ধসে গেছে, ভাটিবরাটিয়ার মেঝের মাটি ধসে গেছে, সুলতানপুরের প্রতিরক্ষা দেয়াল ভেঙে গেছে, সিংপুর বিদ্যালয়ের প্রতিরক্ষা দেয়াল ভেঙে গেছে এবং ইসলামপুর বিদ্যালয়ের ভিটি ভেঙে নিয়ে গেছে। এমতাবস্থায় বিদ্যালয়গুলো বন্ধ থাকায় প্রাথমিক শিক্ষা ব্যাহত হচ্ছে। প্রচণ্ড ঢেউ ও বাতাসে ভাঙন অব্যাহত থাকায় বিদ্যালয়গুলোর মারাত্মক ক্ষতি সাধিত হচ্ছে। নিকলী থেকে আবু জামান খোকন।